

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

২৮ আশ্বিন, ১৪২১

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯

তারিখঃ-----

১৩ অক্টোবর, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির  
লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের (বিইআরসি) ০৯/০৯/২০১৪ তারিখের পত্র সূত্র নং-  
বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ৬ষ্ঠ অধ্যায়ের ২৬ (২৫), (২৭)(গ) ও (২৭)(ঘ) ধারা মোতাবেক বেসরকারী  
খাতের আমদানিকারককে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী  
এনার্জি রেগুলেটরী কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হবার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন,  
২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুযায়ী বিইআরসির লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ, বিপণন  
ও বিতরণ, সরবরাহকরণ ব্যবসা করতে পারবে না মর্মে নির্দেশনা আছে।

এমতাবস্থায়, পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষে এলসি খোলার ক্ষেত্রে আমদানি নীতি  
আদেশ ২০১২-২০১৫ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে পরিপালনের  
পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত

(মো: জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০

সংযুক্তি: বর্ণনানুযায়ী

১২/১১  
২২/১১  
১৬-৭ ২০২০

১৩/১১  
২২/১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।  
ফোন: +৮৮-০২-৮১৫৫৭৪৩, ওয়েব সাইট: www.berc.org.bd

নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫

তারিখ : সেপ্টেম্বর ০৯, ২০১৪।

বিষয়ঃ আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুসারে পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ, বিপণন ও বিতরণ, সরবরাহকরণ ব্যবসায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা আছে।

২। উপরন্তু ডিসেম্বর ১৯, ২০১২ তারিখে বানিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস.আর.ও নং-৪১১-আইন/২০১২-Imports & Exports (Control) Act, 1950 এর Section 3 (1) এ আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ধারা ২৫, ২৭ (গ) ও ২৭ (ঘ) মোতাবেক পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হওয়ার নির্দেশনা আছে।

৩। এতদসত্ত্বেও কিছু প্রতিষ্ঠান কমিশন হতে লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে এইচ এস কোড নং-২৭.০৯ হতে ২৭.১৩ এর আওতাধীন পেট্রোলিয়ামজাত পণ্য আমদানি করছে এবং কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করতে না পেরে লাইসেন্সের জন্য কমিশনের শরণাপন্ন হয়। বিইআরসি'র লাইসেন্স পেতে হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তার মজুদাগারের অবস্থান, নিরাপত্তা ব্যবস্থা, সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও ফায়ার সার্ভিসের অনাপত্তি পত্র সহ বেশ কিছু নিয়ম-নীতি অনুসরণ করতে হয়, যা কিছুটা সময় সাপেক্ষ। কিন্তু প্রতিষ্ঠানটির আমদানিকৃত পেট্রোলিয়ামজাত পণ্য বন্দরে আটকে থাকার কারণে দ্রুত লাইসেন্স প্রদান করতে গিয়ে অত্র কমিশনের অনুসৃত কর্মপদ্ধতি সঠিকভাবে পরিপালন করা সম্ভব হয়ে উঠে না।

৪। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির জন্য এলসি খোলার প্রাক্কালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্স প্রাপ্ত কিনা তা পরীক্ষা করে এলসি খোলার অনুমোদন প্রদানের জন্য সকল তফসিলী ব্যাংক সমূহ কে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ আমদানি নীতি আদেশের সংশ্লিষ্ট ধারা -১ (এক) পাতা।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
(জিএম শাখা)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
তারিখ: ২২/১১/১৪

কমিশনের নির্দেশক্রমে,

মোঃ হাবিবুর রহমান  
সচিব  
ফোনঃ ৯১৪ ০১২৫

গভর্নর

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ২য় এনেক্স বিল্ডিং  
মতিঝিল, ঢাকা-১০০০।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, ৯ডি, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড, ২৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড, রূপালী ভবন, ৩৪, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, সেনা কল্যান ভবন (৬ষ্ঠ তলা), ১৯৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

চলমান পাতা